# সভা নং-০৯

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ ফেব্রুয়ারি মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মাহমুদা জাহান
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।

সভার তারিখ ঃ ১৭/০২/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অত:পর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে সারা বিশ্ব একটি ভাইরাস Human Metapneumo Virus প্রাদুর্ভাব দেখা দিয়েছে, আমরা সকলে সচেতন হলে এর থেকে পরিত্রাণ সম্ভব। আমাদের সামনে রমজান মাস আসতেছে। রমজান আমাদের ব্যবসায়ীরা খাবারে রং মিশিয়ে পরিবেশন করেন। ব্যবসায়ীরা খাবারে রং না দিয়ে কাপড়ের রং খাবারে দেন যা স্বাস্থ্যর খুবই ক্ষতিকারক হিসেবে পরিলক্ষিত হয়। ব্রাহ্মণপাড়ার জন্ম মৃত্যু নিবন্ধন ১০০% উন্নতি করতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সকল কর্মচারীগণকে নির্দেশ প্রদান করা হয়। হাসপাতালে গত মাসে প্রায় ৯০,০০০/- টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, উপজেলায় সার ও বীজ মজুদ সন্তোষজনক। বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা শতভাগ পূরন হয়েছে। মনোহরপুর ঈদগাহের পূর্ব প্রান্ত থেকে পশ্চিম চন্ডিপুর মফিজুল ইসলাম এর বাড়ী পর্যন্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা জরুরী এ পানি নিষ্কাশনের ব্যবস্থা হলে প্রায় ৫০ একর জমিতে বছরে তিনবারই ফসল আবাদ হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া কে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |

০৩. **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা উন্নয়ন তহবিলের ২০২২-২৩ অর্থ বছরের নিম্নবর্ণিত ০২টি প্যাকেজের যথাসময়ে কাজ সমাপ্ত না হওয়ায় কারণে প্রাকৃতিক দূর্যোগ,বন্যার পানি, রাজনৈতিক অস্থিরতা, (জুলাই ও আগস্ট) ইত্যাদির কারণে নিম্লোক্ত ছক মোতাবেক প্যাকেজের Performance Scurity এর মেয়াদ ও সময় বর্ধন করে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়। (বাস্তবায়ন: উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।)

| কাজের নাম | প্যাকেজ নং ও অর্থ বছর | মূল প্রাক্কলিত মূল্য | মূল চুক্তিমূল্য | পূর্বের Performance Scurity এর সময় কাল | বর্ধিত Performance Scurity এর সময় কাল | চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | সংশোধিত কাজ সমাপ্তির সময় বর্ধনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ৩.ক. ছাতিয়ানি আমির হোসেন মেম্বারের বাড়ির পার্শ্বে খালের উপর নির্মিত অসমাপ্ত ব্রীজের বীম ও স্লাব নির্মাণ।<br>খ.ছাতিয়ানি আহম্মদীয়া বাড়ীর পাশে খালের উপর ফুট ব্রীজ নির্মাণ।<br>গ. জিরুইন ঈদগাহের বাউন্ডারী ওয়াল নির্শাণ | UDF/2022-23/shaheb/22 | ৭,৫৯,১১৩ | ৭,২১,১৫৭ | ১৭-০৭-২০২৪ | ১৭-০৭-২০২৪ ইং হতে ৩০ জুন ২০২৫ইং | ৩০-০৪-২০২৪ | ৩০-০৩-২০২৫ |
| ৩. ঘ. মাধবপুর গোলাপ খান এর বাড়ীর গাইড ওয়াল নির্মাণ।<br>(ঙ). নাইঘর নোয়াপাড়া নবীর হোসেন এর বাড়ীর রাস্তার পার্শ্বে গাইড ওয়ালের অসমাপ্ত অংশ।<br>(চ).নন্দীপাড়া গুচ্ছ গ্রামের গাইড ওয়াল নির্মাণ। | UDF/2022-23/ Sador/23 | ৫,৫০,০০০ | ৫,২২,৫০০ | ১১-০৭-২০২৪ | ১২-০৭-২০২৪ইং হতে ৩০ জুন ২০২৫ইং | ১৭-১০-২০২৩ | ৩০-০৩-২০২৫ |

সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হয়।

ছ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অফিস কক্ষে এবং উপজেলা পরিষদের ভিতরের রাস্তায় লাইট স্থাপন ও বিভিন্ন মেরামত কাজের ব্যয় বাবদ খরচ ২১,০০০/- টাকার বিল ভাউচার দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪. | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মোট ১৪টি মৎস্য খাদ্য প্রতিষ্ঠানকে লাইসেন্স দেয়া হয়েছে। মোট ১৪১০ জন জেলেকে নিবন্ধিত করা হয়েছে। জাতীয় মৎস্য পদক ২০২৫ এর জন্য একজন মৎস্য চাষীকে মনোনয়ন দেয়া হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর চিকিৎসা হয়েছে ১৪৫০ মাত্রা, কৃত্রিম প্রজনন হয়েছে ৮৩০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৩০০০ মাত্রা। অত্র বিভাগের অন | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,প্রাথমিক শিক্ষা পদক ২০২৫ আগামী ২৬-০২-২০২৫খ্রি. তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। ২০২৫ শিক্ষা বর্ষের নতুন বই চাহিদার শতভাগ প্রাপ্তি এবং বিদ্যালয় পর্যায়ে শতভাগ বিরতণ কার্যক্রম সমাপ্তি। এ ছাড়াও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিনামূল্যের বই (স্কুল ও মাদ্রাসা) এ পর্যন্ত যা পেয়েছি সবই স্কুলে বিতরণ করা হয়েছে। আশা করছি ফেব্রুয়ারি/২০২৫ মাসের শেষে সকল বই পেয়ে যাব। বই পাওয়া মাত্রই সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হবে।<br>বর্তমানে ক্লাসের পাশাপাশি বার্ষিক ক্রীড়া ও তারুন্যের উৎসব-২০২৫ এর বাস্তবায়ন চলছে। বিভিন্ন হাইস্কুল, কলেজ ও মাদ্রাসার নির্দেশনা মোতাবেক এডহক কমিটি গঠনের কাজ চলমান। আসন্ন এস.এস.সি ও সমমানের পরীক্ষার ফরম পূরণ সর্ম্পণ হয়েছে। ইতিমধ্যে পরীক্ষার রুটিন ও প্রকাশিত হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা খাতে ৭২ জন এর বরাদ্দ পাওয়া যায়। উক্ত তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে তালিকাসহ রেজুলেশন দেওয়ার জন্য তাগিদ দেওয়া হয়। এছাড়াও অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান অর্থ বছরে জানুয়ারি/২৫ পর্যন্ত ৩৪ জন যুব ও যুব মহিলাদের মাঝে ২২,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ৭ ব্যাচে ২১০জনের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়। ০৩ ব্যাচে ৯০ জনের প্রশিক্ষণ চলমান আছে। চলমান মাসে ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.২৪%। ১৯ ফেব্রুয়ারি/২০২৫ খ্রি.তারুন্যের উৎসব-২০২৫ এর সমাপনী অনুষ্ঠান হবে সকলে আমন্ত্রিত। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২৫ অর্থ বছরে ১ম ও ২য় পর্যায় খাত ওয়ারী বরাদ্দ পাওয়া গিয়েছে। কাবিখা (গম) ৮৫.৮৬৯৬ মে:টন, কাবিটা (নগদ) ১,২০,২১,৭৪৮/১০, টিআর ১,১৮,০৬,৫৭৭/২৩ টাকা উক্ত বরাদ্দ গুলি নীতিমালা অনুযায়ী উপ-বরাদ্দ দেওয়া হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন থেকে তালিকা নিয়ে দ্রুত সময়ের মধ্যে যাচাই বাছাই করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করা হবে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের ১২৬১ জনের উপকারভোগীদের সঞ্চয়কৃত ৬৩,৫৬,৪৫৮/-(তেষট্রি লক্ষ ছাপান্ন হাজার চারশত আটান্ন) টাকা ০৮ ইউনিয়নে ফেরত প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগীর নির্বাচন প্রক্রিয়া খুবই শীঘ্রই শুরু হবে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। অত্র ব্রাহ্মণপাড়া উপজেলায় ০৮টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ০৫ জন করে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। সে আলোকে মাসে ১০-১৬ তারিখের মধ্যে তালিকা প্রেরণের সিদ্ধান্ত থাকলেও অদ্য পর্যন্ত ফেব্রুয়ারি/২৫ মাসে সাহেবাবাদ ইউনিয়ন ছাড়া অন্য কোন ইউনিয়ন হতে তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা প্রদানের জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের ডোর টু ডোর তথ্য ভিত্তিক এবং উঠান বৈঠকসহ সকল সেবা চলমান রয়েছে। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৯৯৮ জনের মধ্যে খাবার বড়ি ১৬৭৩৩ জন, কনডম ২৬৩৬ জন, ইনজেকশন ৫৮৪৪ জন, আইইডি ১৬৫৫জন, ইমপ্লান্ট-২৯৭২ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৪জন এবং মহিলা ৩৯৯৫জন, ইউনিয়নের মোট ৩৪৩৫৯ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৩৬%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮৩৫ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ২৩৭ জন,গর্ভকালীন ৯৭৮জন ও গর্ভোত্তর ৬২৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। জানুয়ারি/২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬৩ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে এ মাসের মোট সদস্য ভর্তি ১০ জন, শেয়ার আদায় ৩০০০/-টাকা, সঞ্চয় আদায় ৭১,০০০/-টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ইতিমধ্যে ৪৩৪.০০ লক্ষ টাকা ঋণ বিতরনের বিপরীতে ইতিমধ্যে ২৩২.৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় ১৯৮.৬৫ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬১% বিদ্যমান খেলাপী ঋণের টাকা আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী হতে ৬১ জন বীর মুক্তিযোদ্ধা সদস্যের মধ্যে ২০.০০ লক্ষ টাকা খেলাপী রয়েছে। খেলাপী ঋণ আদায়ে প্রশাসন ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,সমবায় বিভাগে কার্যকর সমবায় সমিতির সংখ্যা ২৮টি, অকার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৩৮টি, মোট সমবায় সমিতির সংখ্যা ১৬৬টি। সকল সমবায় সমিতিগুলো অডিট,পরিদর্শন এবং সমিতি সদস্যদেরকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করে থাকি। সমবায় বিভাগের সার্বিক কার্যক্রম ভালো আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ শীঘ্রই শুরু হবে। UNICEF এর সহায়তায় বন্যা পরবর্তী টুইন পিট ল্যাট্রিন ও নলকূপ মেরামত কার্যক্রম চলমান রয়েছে। ৩৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক স্থাপন কাজ চলমান রয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| ক. | মোঃ সোহেল,অফিস সহায়ক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। উপজেলা পরিষদ অভ্যন্তরে ০২টি পুকুরে চুন ক্রয়, পুকুরে প্রয়োগ কাজে শ্রমিক মজুরী ও মাছের পোনা ক্রয় বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা বিল ভাউচার সভায় উপস্থাপন করেন। | । রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, |
| খ. | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা, জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে রাতের বেলা বিদ্যুৎ না থাকলে পুরো উপজেলা অন্ধকারে থাকে তাই সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন ০৭টি ও উপজেলা হলরুমে বিভিন্ন সরকারি সভা চলাকালীণ সময়ে বিদ্যুৎ না থাকলে ব্যাপসা গরমে ভোগান্তিতে পড়তে হয়। হলরুমে ০৪টি লাইট ও চারটি ফ্যান সোলার ইনভাইটার সিস্টেম স্থাপনের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | ৫.০০ (পাঁচ লক্ষ) টাকা অনুমোদন করা ও উপজেলা রাজস্ব তহবিল হতে কোটেশন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০২.২৫
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোনঃ ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-১৫(২৮) তারিখঃ ১৭/০২/২০২৫খ্রি.

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৬. চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা — অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

১৭.০২.২৫
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।